দৈনিক ইত্তেফাক

তারিখ 19 MAR 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

196

# এরশাদের বিচার ও ক্যাম্পাসে সন্ত্রাসীদের গ্রেফতার করুন

—— ছাত্রঐক্য

(ইত্তেফাক রিপোর্ট)

সাবেক প্রেসিডেন্ট এরশাদ ও তাহার সহযোগী মন্ত্রী এমপিদের বিচারের দাবীতে গতকাল (সোমবার) জাতীয় প্রেস ক্লাবের সামনে

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ছাত্রঐক্য

(১ম পৃঃ পর)

সর্বদলীয় ছাত্র ঐক্যের সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, অবিলম্বে স্বৈরাচারের বিচার করুন অন্যথায় ছাত্র-জনতা পুনরায় রাজপথের আন্দোলন শুরু করিবে। সমাবেশে ছাত্র ঐক্য ঘোষিত ১০ দফার ভিত্তিতে জবাবদিহিমূলক সার্বভৌম সংসদ প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্ট মহলের প্রতি আহ্বান জানান হয়।

ছাত্রলীগ (আ-অ) সভাপতি শাহে আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে ডাকসুর এ,জি,এস ছাত্র দলের যুগ্ম আহ্বায়ক নাজিম উদ্দিন আলম, ফজলুল হক মিলন, ছাত্রলীগ (না-শ) সাধারণ সম্পাদক শফি আহমেদ, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক নাসির উদ-দুজা, ছাত্র মৈত্রীর সিরাজুম মুনীম, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ, ছাত্র ফেডারেশনের সভাপতি ফয়জুল হাকিম লালা এবং জাতীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক এস,এম কামাল হোসেন বক্তৃতা করেন।

শাহে আলম বলেন, গণঅভ্যুত্থানের মাধ্যমে এরশাদ সরকারের পতন ঘটিলেও তাহার বিচার নিয়া টালবাহানা করা হইতেছে। ষড়যন্ত্রকারীদের জানা উচিত ছাত্ররা কখনও আপোষ করে না। কাজেই এরশাদসহ তাহার দোসরদের বিচার না হওয়া পর্যন্ত ছাত্রদের রাজপথের আন্দোলন শেষ হইবে না। নাজিম উদ্দিন আলম বলেন, কেন এরশাদের বিচার হইতেছে না, তাহা জনগণ জানিতে চায়। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসের নিন্দা করিয়া তিনি বলেন, সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠার লক্ষ্যে অবিলম্বে সন্ত্রাসকারীদের গ্রেফতার করুন। ফজলুল হক মিলন বলেন, যাহারা এরশাদের পতন চায় নাই তাহারাই শিক্ষাঙ্গনে সন্ত্রাস শুরু করিয়াছে। তিনি বলেন, জাতীয় পার্টি দেশে কালোটাকা ছড়াইয়া জনগণের প্রত্যাশা ব্যর্থ করিয়া দিতেছে। কাজেই এরশাদের বিচার না হওয়া পর্যন্ত ছাত্রদের আন্দোলন চলিবে। শফি আহমেদ বলেন, আমরা এরশাদের বিচারের কথা বলি অথচ তাহার বিচার হয় না। কেন হয় না তাহা আমরা জানিতে চাই। নাসির-উদ-দুজা বলেন, এরশাদের যাহাতে বিচার না হয় তাহার জন্য কয়েকটি দেশের রাষ্ট্রদূতরা নাক গলাইতেছেন। তাহাদের উদ্দেশে আমাদের বক্তব্য, বাংলাদেশের আভ্যন্তরীণ বিষয় নিয়া মাথা ঘামাইবেন না। সিরাজুম মুনীম বলেন, এরশাদের বিচার হইতেছে না। অথচ সারাদেশে গণতান্ত্রিক আন্দোলনের নেতা-কর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়া হয়রানি করা হইতেছে।

সমাবেশে চাকুরীর বয়সসীমা ৩০ বছর করা, ১ লক্ষ ৩৫ হাজার শূন্যপদ পূরণ, ক্যাম্পাসে সন্ত্রাসকারীদের অবিলম্বে গ্রেফতারের দাবী করা হয়।

গতকাল (সোমবার) বেলা সোয়া ১১টায় ছাত্র ঐক্যের একটি মিছিল প্রথমে ক্যাম্পাস প্রদক্ষিণ করিয়া জাতীয় প্রেসক্লাব অভিমুখে রওয়ানা দেয়। মিছিলের সম্মুখে 'এরশাদের ফাঁসি চাই' লেখা ব্যানার বহন করা হয়।

### কর্মসূচী

এরশাদ ও তাহার সহযোগী মন্ত্রী, এমপিদের বিচারের দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্য ২১শে মার্চ সকাল ১০টায় বটতলায় ছাত্রসমাবেশ আহ্বান করিয়াছে। সমাবেশ শেষে মিছিল বাহির করা হইবে।